

**মৎস্য ও প্রাণিসম্পদ মন্ত্রণালয়ের শুদ্ধাচার বিষয়ক নৈতিকতা কমিটির ৩য় সভার কার্যবিবরণী**

সভাপতি : মোহাং সেলিম উদ্দিন  
সচিব  
মৎস্য ও প্রাণিসম্পদ মন্ত্রণালয়।  
তারিখ ও সময় : ১৫/০১/২০২৪; সকাল ০৯.৩০ ঘটিকা।  
স্থান : সভাকক্ষ, মৎস্য ও প্রাণিসম্পদ মন্ত্রণালয়।  
উপস্থিতি : সংযুক্ত (পরিশিষ্ট-ক)।


মৎস্য ও প্রাণিসম্পদ মন্ত্রণালয়ের সচিব এবং শুদ্ধাচার বিষয়ক নৈতিকতা কমিটির সভাপতি মোহাং সেলিম উদ্দিন এর সভাপতিত্বে নৈতিকতা কমিটির সভা অনুষ্ঠিত হয়। সভায় উপস্থিত কর্মকর্তাদের তালিকা সংযুক্ত (পরিশিষ্ট-ক)। সভাপতি উপস্থিত সকলকে স্বাগত জানিয়ে সভার কাজ শুরু করেন। সভার শুরুতেই বিগত সভার কার্যবিবরণী সভায় পঠিত হয় এবং কোন প্রকার সংশোধনী না থাকায় তা দৃষ্টিকরণ করা হয়। মৎস্য ও প্রাণিসম্পদ মন্ত্রণালয়ের শুদ্ধাচার বিষয়ক ফোকাল পয়েন্ট জনাব মোঃ হেমায়েত হোসেন, যুগ্মসচিব বলেন, মন্ত্রণালয়/বিভাগের ২০২৩-২৪ অর্থবছরের শুদ্ধাচার কৌশল কর্মপরিকল্পনা বাস্তবায়ন সংক্রান্ত ২য় ত্রৈমাসিক অগ্রগতি প্রতিবেদন (অক্টোবর-ডিসেম্বর/২০২৩) (প্রমাণকসহ) ১৫/০১/২০২৪ তারিখের মধ্যে সুশাসন বিষয়ক সফটওয়্যারে আপলোডকরণ বিষয়ক পত্র পাওয়া গেছে। তিনি বলেন, ২.৪ ক্রমিকের লক্ষ্যমাত্রার ৫০ টি PSC ও PIC সভা আয়োজনের বিপরীতে ২য় কোয়ার্টারে ২৪ টি PSC সভা অনুষ্ঠিত হয়েছে। মন্ত্রণালয়ে বর্তমানে কোন প্রকল্প চলমান না থাকায় PIC সভা অনুষ্ঠিত হয়নি। তিনি অন্যান্য ক্রমিকের বিপরীতে বাস্তবায়িত অগ্রগতি প্রতিবেদনসমূহ সভায় উপস্থাপন করেন। কর্মপরিকল্পনার ২য় প্রান্তিকের সকল কার্যক্রম যথাযথভাবে বাস্তবায়িত হওয়ায় সভাপতি সকলকে ধন্যবাদ জ্ঞাপন করেন। সভায় ২য় সভার অগ্রগতি প্রতিবেদন সর্বসম্মতিক্রমে গৃহীত হয়। সভাপতি অগ্রগতি প্রতিবেদন সুশাসন বিষয়ক সফটওয়্যারে নির্ধারিত সময়ের মধ্যে আপলোডের নির্দেশনা প্রদান করেন।

০২। সভাপতি অভিযত ব্যক্ত করেন যে, মন্ত্রিপরিষদ বিভাগ বর্তমান অর্থবছরে শুদ্ধাচার কর্মপরিকল্পনা প্রণয়নের সময় যে নির্দেশনা প্রদান করেছে তার শতভাগ অনুসরণ করে মন্ত্রণালয়ের কার্যক্রমসমূহ সম্পাদন করতে হবে। বিশেষ করে কার্যক্রম সম্পাদনের পর যথাযথ প্রমাণক তাৎক্ষণিকভাবে সংরক্ষণের প্রতি গুরুত্ব আরোপ করেন। কর্মপরিকল্পনার ৩ নং ক্রমিকভুক্ত শুদ্ধাচার সংশ্লিষ্ট দুর্নীতি প্রতিরোধে সহায়ক কার্যক্রমগুলোতে অনুবিভাগ প্রধানগণকে ব্যক্তিগতভাবে তদারকি করার জন্য তিনি নির্দেশনা প্রদান করেন।

০৩। বিস্তারিত আলোচনার পর সভায় নিম্নবর্ণিত সিদ্ধান্তসমূহ গৃহীত হয়ঃ

১।	এ মন্ত্রণালয়ের ২০২৩-২৪ অর্থবছরের জাতীয় শুদ্ধাচার কৌশল কর্মপরিকল্পনার ২য় প্রান্তিকের (অক্টোবর-ডিসেম্বর/২০২৩) অগ্রগতি প্রতিবেদন মন্ত্রিপরিষদ বিভাগ কর্তৃক নির্ধারিত সময়ে সুশাসন বিষয়ক সফটওয়্যারে আপলোডসহ ওয়েবসাইটে আপলোডের সিদ্ধান্ত সিদ্ধান্ত গৃহীত হয়।
২।	কর্মপরিকল্পনার ৩ নং ক্রমিকভুক্ত শুদ্ধাচার সংশ্লিষ্ট দুর্নীতি প্রতিরোধ সহায়ক কার্যক্রমগুলোতে অনুবিভাগ প্রধানগণ এবং সংস্থাপ্রধানগণ ব্যক্তিগতভাবে সংশ্লিষ্ট হয়ে তদারকি নিশ্চিত করবেন।
৩।	ভেটেরিনারি হাসপাতালের সেবার মান বৃদ্ধিতে মন্ত্রণালয় হতে মনিটরিং জোরদার করার সিদ্ধান্ত গৃহীত হয়।

সভায় আর কোন আলোচ্যসূচি না থাকায় সভাপতি সকলকে ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করেন।

  
১৫/০১/২০২৪  
(মোহাং সেলিম উদ্দিন)  
সচিব  
ও  
সভাপতি

মৎস্য ও প্রাণিসম্পদ মন্ত্রণালয় জাতীয় শুদ্ধাচার সংক্রান্ত নৈতিকতা কমিটি